

## মুদ্রার এ পিঠ ও পিঠ

নায়ক এসেছে -- যেন স্বপ্নের সওদাগর  
গোটা কলকাতা আজ তার পাদস্পর্শে অচল,  
সারি-সারি ট্রাম-বাস সর্পিলাকারে দাঁড়িয়ে  
অফিসবাবুদের কাজকর্ম সব বন্ধ।

একবারটি চোখের দেখার মৌতাতে  
মন-মজানো গন্ধ পেতেই হবে।  
না হলে এই জীবন যে....  
ওরে পালা, -- পুলিশের লাঠি!  
তাতেও পিছপা -- এই-নায়কের শরীরের  
ঘ্যাণ পেতেই হবে!  
ওই, ওই দিকে-সব লোক ওই এক দিকে--

ঠিক এই সময়...  
দূরে, বহুদূর থেকে একখানি জাহাজ  
ছেড়ে চলে গেল--  
অতি নীরবে,  
নিঃশব্দে দু-চারজনের কাঁধে ভর করে  
জনহীন নিস্তন্ধ পথে,  
আসলে সে তো নায়ক নয়--  
সে 'অন্নদাশংকর'  
রবীন্দ্রনাথ ঠাকুরের-লীলাময় রায়।  
  
তারকের ঝাঁস

